ছহিউদ্দীন স্মৃতি ফুটবলে বিপ্লবের হ্যাটট্রিকে বিশাল ব্যবধানে ভাটপাড়া জয়ী

বিপ্লবের হ্যাটট্রিকের সুবাদে বড় ব্যবধানে জয়লাভ করে মেহেরপুরের ভাটপাড়া একাদশ ৩য় দল হিসাবে মোমিনপুর ছহিউদ্দীন স্মৃতি ফুটবল টুর্ণামেন্টে সেমিফাইনাল খেলার যোগ্যতা অর্জন করেছে। মোমিনপুর ডায়মন্ড ক্লাবের উদ্যোগে মোমিনপুর মাঠে অনুষ্ঠিত ৩য় কোয়াটার ফাইনাল খেলা ভাটপাড়া একাদশ ৬-১ বলে বিশাল ব্যবধানে চুয়াডাঙ্গা হাজরাহাটি একাদশকে পরাজিত করে।
প্রথমার্ধের বিপ্লব ও সাগরের জোড়া গোলের সুবাদে ৪-০ গোলে এগিয়ে যায়।

দ্বিতীয়ার্ধে বিপ্লব তার হ্যাটট্রিক পূরণ করার পাশাপাশি ইউসুফের ১টি গোল করে গোলের ব্যবধান ৬ এ নিয়ে যায়। পরে হাজরাহাটি একাদশ দলের পক্ষে সাজন ১টি গোল করে গোলের ব্যবধান কমায়।
খেলাই বিপ্লব ও ইউসুফ সেরা খেলোয়াড়ের পুরস্কার লাভ করেন। খেলা শেষে উপজেলা চেয়ারম্যান মোমিনুল ইসলাম পুরস্কার বিতরণ করেন।

এ সময় আওয়ামী লীগ নেতা আরিফুল ইসলাম লিটন, মোমিনপুর ডায়মন্ড ক্লাবের সভাপতি জয়নাল আবেদীন, সম্পাদক রিপন, কৃষক লীগের সহ-সভাপতি আ: মান্নান প্রমুখ উপস্থিত ছিলেন।

নিজস্ব প্রতিনিধি

মেহেরপুরে হোটেল ব্যবসায়ীর ১০ হাজার টাকা জরিমানা

মেহেরপুরের গাংনী উপজেলার বামুন্দীতে ওজন কম ও পরিমাপ যন্ত্রের মাপ ঠিক না থাকার অভিযোগে ভ্রাম্যমান আদালত অভিযান চালিয়ে এক

হোটেল ব্যবসায়ির কাছে থেকে ১০ হাজার টাকা জরিমানা আদায় করেছে। গতকাল মঙ্গলবার সকালের দিকে সহকারী কমিশনার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট রাকিবুল ইসলামের নেতৃত্বে এ ভ্রাম্যমান আদালত পরিচালনা করে।
জানা যায়, মেহেরপুরের গাংনী উপজেলার বামুন্দী হানিফ হোটেল এন্ড দধী ভান্ডার ওজন কম ও পরিমাপ যন্ত্রের মাপ ঠিক না থাকায় ওজন পরিমাপ ২০১৮ আইনে ভ্রাম্যমান আদলতে ১০ হাজার টাকা জরিমানা করা হয়।

নিজস্ব প্রতিনিধি

মেহেরপুরের গাংনীতে ৫ কেজি গাঁজাসহ বগুড়ার আলমগীর গ্রেপ্তার

মেহেরপুরের গাংনী থানা পুলিশ কাজীপুর সীমান্ত থেকে মাদক কারবারী আলমগীর হোসেন (৩৫) কে গ্রেপ্তার করেছে।

এসময় উদ্ধার করা হয়েছে ৫ কেজি গাঁজা ও একটি ১২৫ সিসি ডিসকোভারী মোটর সাইকেল। গতকাল সোমবার দুপুরে এ অভিযান চালানো হয়।

গ্রেফতারকৃত আলমগীর হোসেন বগুড়া জেলার ধুনুট উপজেলার শোলমারী গ্রামের জয়নাল প্রামানিকের ছেলে।

গাংনী থানার ওসি ওবাইদুর রহমান জানান, মাদক কারবারী আলমগীর মোটর সাইকেল যোগে কাজীপুর সীমান্ত থেকে থেকে গাঁজা নিয়ে আসছে মর্মে সংবাদের ভিত্তিতে এসআই অজয় ও সঙ্গীয় ফোর্স অভিযান চালিয়ে তাকে গ্রেপ্তার করে।

আলমগীর হোসেনকে মেহেরপুর আদালতে প্রেরন করা হয়েছে বলে জানায় ওসি ওবাইদুর রহমান।

নিজস্ব প্রতিনিধি

মেহেরপুরে ভ্রাম্যমান আদালতে ব্যবসায়ীর জরিমানা

মেহেরপুর জেলা প্রশাসনের ভ্রাম্যমান আদালতে ব্যবসায়ীর নিকট থেকে জরিমানা আদায় করেছে।

সোমবার সকালের দিকে মেহেরপুর শহরের হোটেল বাজার এলাকায় কুমারখালী দধী ভান্ডারে এই অভিযান চালানো হয়।

সহকারী কমিশনার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট মিথিলা দাসের নেতৃত্বে এ ভ্রাম্যমান আদালত বসানো হয়।

এ সময় ওজন কম দেওয়া ও পরিমাপ যন্ত্র ঠিক না থাকায় ওজন মাপা ২০১৮ আইনে ৩ হাজার টাকা জরিমানা আদায় করা হয়।

বিএসটিআই কর্মকর্তা আবুল হাসনাত এসময় সেখানে উপস্থিত ছিলেন।

নিজস্ব প্রতিনিধি

গাংনীতে বেকার যুব ও যুব মহিলাদের অপ্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ কোর্সের উদ্বোধন

মেহেরপুরের গাংনীতে উপজেলা পর্যায়ে বেকার যুব ও যুব মহিলাদের অপ্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ কোর্সের শুভ উদ্বোধন অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে।

সোমবার গাংনী উপজেলা বাজারের আলোর পথে যুবসংঘ প্রতিষ্ঠানের চত্বরে এ শুভ উদ্বোধণ করা হয়। উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান

অতিথির বক্তব্য রাখেন জেলা যুব উন্নয়ন অধিদপ্তরের উপ-পরিচালক ফিরোজ আহম্মেদ।

অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন ও সভাপতিত্ব করেন আলোর পথে যুব সংঘ’র সভাপতি এহসান কবির। বিশেষ অতিথির বক্তব্য রাখেন গাংনী পৌরসভার ২ নং ওয়ার্ড কাউন্সিলর মো: মিজানুর রহমান, উপজেলা যুব উন্নয়নের ক্রেডিট সুপারভাইজার মুস্তাফিজুর রহমান, মো: আবুল কালাম আজাদ প্রমুখ।

অনুষ্ঠানের শুরুতে কোরআন থেকে তেলওয়াত করেন সাহাবুল ইসলাম।

নিজস্ব প্রতিনিধি

সভাপতি আব্দুর রউফ স্বপন, সম্পাদক হাফিজুর রহমান

মেহেরপুরের গাংনী উপজেলার কাজিপুর ইউনিয়ন আওয়ামী লীগের সম্মেলন অনুষ্ঠিত হয়েছে। কাজিপুর ইউনিয়নের সকল ওয়ার্ডের সভাপতি ও সাধারণ সম্পাদকদের গোপন ব্যালটের মাধ্যমে তারা তাদের নেতা নির্বাচন করেন।

সম্মেলনে সভাপতি নির্বাচিত হন আব্দুর রউফ স্বপন মাষ্টার তিনি এর আগে সাধারণ সম্পাদক ছিলেন এবং সাধারণ সম্পাদক নির্বাচিত হন মো: হাফিজুর রহমান হাফিজ তিনি এর আগে ওয়ার্ড আওয়ামী লীগের সদস্য ছিলেন।

সভাপতি ও সাধারণ সম্পাদকের পদ প্রার্থীদের মধ্যে সভাপতি প্রার্থী ছিলেন ৯জন ও সাধারণ সম্পাদক প্রার্থী ছিলেন ৭ জন। এদের মধ্যে ভোটের মাধ্যমে সভাপতি আব্দুর রউফ স্বপন মাষ্টার সভাপতি ও মো: হাফিজুর রহমান হাফিজ সাধারণ সম্পাদক নির্বাচিত হন।

সোমবার সন্ধ্যায় নওদাপাড়া মাধ্যমিক বিদ্যালয় প্রাঙ্গণে এ সম্মেলন উপলক্ষে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্য রাখেন উপজেলা চেয়ারম্যান ও জেলা আওয়ামী

লীগের সাধারণ সম্পাদক এম এ খালেক।
অনুষ্ঠানের উদ্বোধক ছিলেন মেহেরপুর-২(গাংনী) আসনের সংসদ সদস্য ও উপজেলা আওয়ামী লীগের সভাপতি সাহিদুজ্জামান খোকন। প্রধান বক্তা হিসাবে বক্তব্য রাখেন উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক মো: গোলাম মোস্তফা।

বিশেষ অতিথি হিসাবে বক্তব্য রাখেন সাবেক এমপি বীর মুক্তিযোদ্ধা ও জেলা আওয়ামী লীগের সাবেক সভাপতি মো: মকবুল হোসেন প্রমুখ। অনুষ্ঠানটির সভাপতিত্ব করেন কাজিপুর ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি মো: আবু নাতেক।

নিজস্ব প্রতিনিধি

সুস্থ মন, সুস্থ শরীর গড়তে খেলাধূলার বিকল্প নেই — এমপি সাহিদুজ্জামান খোকন

বাংলাদেশ জাতীয় সাবেক ফুটবলারদের অংশ গ্রহনে মেহেরপুরের গাংনীতে ব্যাপক উৎসাহ উদ্দীপনা ও জাঁকজমকপূর্ণভাবে প্রীতি ফুটবল খেলা অনুষ্ঠিত হয়েছে।

শনিবার বিকাল সাড়ে ৩ টার সময় গাংনীর ঐতিহ্যবাহী ভাটপাড়া কুঠি ফুটবল মাঠে প্রীতি খেলা অনুষ্ঠিত হয়েছে। নারায়নগঞ্জ জেলা রাইজিং সান ফুটবল একাদশ বনাম কুষ্টিয়া জেলা সোনালী অতীত ফুটবল একাদশের মধ্যে প্রীতি ফুটবল খেলা অনুষ্ঠিত হয়। ৭০-৮০ দশকের জাতীয় পর্যায়ের একাধিক খেলোয়াড়দের সমন্বয়ে গঠিত দুটি দল নিয়ে প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়েছে। এ খেলায় নারায়নগঞ্জ একাদশ ৩-২ গোলে মেহেরপুর জেলা সোনালী অতিত ক্লাবকে পরাজিত করে।

গাংনীর ভাটপাড়া নীলকুঠি উন্নয়ন সংঘের আয়োজনে কাথুলী ইউনিয়ন যুবলীগের সাধারন সম্পাদক সুমন আহম্মেদ স্বপনের সঞ্চালনায় অনুষ্ঠানে কাথুলী ইউপি আ.লীগের সাবেক সাধারন সম্পাদক জাবের আলীর

সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে প্রতিযোগিতার শুভ উদ্বোধন ঘোষনা করেন,মেহেরপুর-গাংনী আসনের জাতীয় সংসদ সদস্য সাবেক ছাত্রনেতা ও গাংনী উপজেলা আ.লীগের সভাপতি মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন । বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন,গাংনী উপজেলা আ.লীগের সাধারন সম্পাদক গোলাম মোস্তফা, গাংনী থানার অফিসার ইনচার্জ ওবাইদুর রহমান, গাংনী পৌর সভার মেয়র আশরাফুল ইসলাম,গাংনী উপজেলা আ.লীগের সাংগঠনিক সম্পাদক মনিরুজ্জামান, মেহেরপুর জেলা পরিষদের সদস্য তৌহিদ মুর্শেদ অতুল, মজিরুল ইসলাম, আ.লীগ নেতা মনিরুজ্জামান আতু।

প্রধান অতিথির বক্তব্যে এমপি সাহিদুজ্জামান খোকন বলেন, খেলাধূলা দৈহিক কাঠামো সুদৃঢ় করতে এবং সুস্থ শরীর সুস্থ মন গড়তে খেলাধূলার বিকল্প নেই। খেলাধূলা মাদকাসক্তি, জঙ্গীবাদ ও সন্ত্রাসী কর্মকান্ড থেকে জীবনকে তথা দেশকে সুন্দর করে গড়ে তুলতে সহায়তা করে। খেলাধূলার সুন্দর পরিবেশ গড়ে তুলতে ইতোমধ্যেই যুব ও ক্রীড়া মন্ত্রণালয় নানা উদ্যোগ গ্রহন করেছেন। গাংনীতেও শেখ রাসেল নামে একটি মিনি ষ্টেডিয়াম তৈরী করা হবে।

এসময় উপজেলা কাথুলী ইউপি চেয়ারম্যান মিজানুর রহমান রানা,গাংনী থানা যুব মহিলালীগের সভাপতি শাহানা ইসলাম সাবেক ফুটবলার আমিরুল ইসলাম অল্ডাম প্রমুখ। এসময় আমন্ত্রিত অতিথিবৃন্দ ছাড়াও রাজনৈতিক নেতৃবৃন্দ ও ইউনিয়নের জনপ্রতিনিধি,সুধী বৃন্দ উপস্থিত ছিলেন।

খেলা আমন্ত্রিত দল নারায়নগঞ্জ জেলা রাইজিং সান ফুটবল একাদশ বনাম কুষ্টিয়া জেলা সোনালী অতীত ফুটবল একাদশের মধ্যে অনুষ্ঠিত হয়। নারায়নগঞ্জ জেলা ৩-২ গোলে স্বাগতিক কুষ্টিয়া জেলা একাদশকে হারিয়ে বিজয় লাভ করে। খেলাটি পরিচালনায় প্রধান রেফারী হিসাবে আব্বাস আলী, সহকারী রেফারী মাহবুবুর রহমান ও টুটুল। কুষ্টিয়া জেলা দলের কোচ হিসাবে ছিলেন,আমিরুল ইসলাম অল্ডাম। খেলায় বিজয়ী দলকে ক্রেষ্ট উপহার দেয়া হয়। মাঠে হাজার হাজার দর্শক খেলা উপভোগ করেন।

– নিজস্ব প্রতিনিধি

গাংনীতে পানিতে ডুবে শিশুর মৃত্যু

মেহেরপুরের গাংনীতে পানিতে ডুবে সুমাইয়া খাতুন (৯) নামের এক শিশুর মৃত্যু হয়েছে। শনিবার দুপুর ২ টায় গাংনী উপজেলার আমতৈল মাথাভাঙ্গা নদীতে ডুবে তার মৃত্যু হয়। সুমায়ইয়া খাতুন আমতৈল গ্রামের ইকরামুল হকের মেয়ে ও স্থানীয় সরকারী প্রাথমিক বিদ্যালয়ের প্রথম শ্রেনীর ছাত্রী।

সুমায়ইয়া খাতুনের বাবা ইকরামুল হক জানান, প্রতিদিনের ন্যায় সুমাইয়া খাতুর বাড়ির পার্শে মাথাভাঙ্গা নদীতে গোসল করতে যায়। দীর্ঘ সময় সে বাড়িতে না ফেরায় তাকে বিভিন্ন স্থানে সন্ধান করা হয়। পরে নদীতে তার লাশ ভেসে উঠলে স্থানীয়দের সহায়তার তার লাশ উদ্ধার করা হয়। স্থানীয়রা জানান,সুমাইয়া খাতুন জীবিত রয়েছে এমন সন্দেহে তাকে পার্শবর্তী হারদী হাসপাতালে নেয়া হলে কর্তব্যরত চিকিৎসক মৃত ঘোষনা করেন।

বামুন্দী ফায়ার সার্ভিসের লিডার মইনুদ্দীন জানান,পানিতে ডুবে যাতে কারোর মৃত্যু না এজন্য বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে সচেতনতা মুলক আলোচনা করা হচ্ছে।
-নিজস্ব প্রতিনিধি

গাংনীতে আজ সারাদিন বিদ্যুৎ সরবরাহ বন্ধ থাকবে

মেহেরপুর গাংনী উপজেলাতে আগামীকাল শনিবার সকাল ০৮ থেকে ০৫ পর্যন্ত বিদ্যুৎ সরবরাহ বন্ধ থাকবে।

গাংনী পল্লী বিদ্যুৎ অফিস সূত্রে জানা গেছে, বৈদ্যুতিক লাইনের দু’পাশের ডালপালা কাটার জন্য, সাময়িক সময়ের জন্য বিদ্যুৎ সরবরাহ বন্ধ রাখা হবে।

গাংনী প্রতিনিধি

গাংনীর কাথুলীতে তথ্য কেন্দ্রের উঠান বৈঠক

গাংনীকে ডিজিটাল বাংলাদেশ গড়তে তথ্য যোগাযোগ প্রযুক্তির মাধ্যমে মহিলাদের ক্ষমতায়ন প্রকল্প (২য় পর্যায়) বাস্তবায়নের লক্ষে উঠান বৈঠক অনুষ্ঠিত হয়েছে।

বুধবার সকাল ১১টার সময় গাংনী উপজেলার কাথুলী ইউনিয়নের ১নং ওয়ার্ডের কাথুলী গ্রামের মধ্যপাড়ায় গাংনী তথ্য কেন্দ্রের উদ্যোগে এ উঠান বৈঠক অনুষ্ঠিত হয়।

গাংনী উপজেলা তথ্য কেন্দ্রের কর্মকর্তা রিফাত জাহানের সভাপতিত্বে উঠান বৈঠকে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গাংনী উপজেলা নির্বাহী কর্মকর্তা দিলারা রহমান। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গাংনী উপজেলা সমবায় কর্মকর্তা মিলন কুমার দাস,, কাথুলী ইউনিয়ন চেয়ারম্যান মিজানুর রহমান রানা, সংরক্ষিত মহিলা মেম্বার ভাবিবুন্নেসা, তথ্যসেবা সহকারী তামান্না খাতুন, সাবরিনা খাতুন।

উঠান বৈঠকের প্রধান প্রতিপাদ্য বিষয় ছিলো নারী-পুরুষ সম-অধিকার বাস্তবায়নের বিভিন্ন দিক নিয়ে আলোচনা করা হয়। ৫০জন গরীব ও অসচ্ছল নারীরা উপস্থিত ছিলেন ।

-নিজস্ব প্রতিনিধি